

অধ্যক্ষের কার্যালয়  
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল  
বিজ্ঞপ্তি

২০২৩ সালের স্নাতক(পাস)প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষার রেজিস্ট্রেশন করার বিজ্ঞপ্তিঃ

২০২৩ সালের বি.এ/বি.এস.এস/বি.বি.এস ডিগ্রী (পাস) এবং সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণেচ্ছুদের রেজিস্ট্রেশন সংক্রান্ত নিয়মাবলীঃ-

ভর্তির তারিখ ২০/১২/২০২৩ থেকে ০৯/০১/২০২৪ তারিখ পর্যন্ত (ছুটির দিন ব্যতীত)

**১. ভর্তি সংক্রান্ত নিয়মাবলী:**

- ক) ২০২৩ সালের স্নাতক (পাস) প্রাইভেট প্রোগ্রাম বি.এ/বি.এস.এস/বি.বি.এস.কোর্স/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য প্রার্থীকে ২০/১২/২০২৩ থেকে ০৯/০১/২০২৪ তারিখ পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) এর মাধ্যমে আবেদন ফরম পূরণ করতে হবে। এ লক্ষ্যে প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (Degree Pass অপশনে গিয়ে Blank Data Entry Form (Deg.Private) অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারীকে Blank Data Entry Form (Private Certificate Course) অপশন থেকে আবেদন করতে পারবে।
- খ) মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার পাসের সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লিখিত সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- গ) সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীকে তার চাকুরী দু-বছর পূর্ণ হয়েছে মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। প্রত্যয়নপত্রে তাদের চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে ছুটি মঞ্জুর করার বিষয় উল্লেখ থাকতে হবে।
- ঘ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে এ রেজিস্ট্রেশন কার্যক্রমে অংশগ্রহণের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিপত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে অনুমতি পত্রে উল্লেখ থাকতে হবে।
- ঙ) কলেজ কর্তৃক ধার্যকৃত ফি ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এ পরিশোধ করে উল্লিখিত সময়ের মধ্যে উপরোল্লিখিত কাগজপত্রসহ রেজিস্ট্রেশন আবেদন ফরমের শিক্ষার্থীর অংশ সহ চূড়ান্ত রেজিস্ট্রেশন আবেদন ফরমের কপি কলেজের ভর্তি শাখায় জমা দিতে হবে।


ধার্যকৃত ফি: ১০৩৫/- (এক হাজার পয়ত্রিশ) টাকা।

২. ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে জমা দেয়ার নিয়ম।

Biller ID	Bill Number
Biller ID এর জায়গায় 3288 লিখতে হবে।	Bill Number এর জায়গায় রেজিস্ট্রেশন ফরমের 7 digits রোল ও মোবাইল নম্বর লিখতে হবে।

ফি জমা দেওয়ার পর শিক্ষার্থী ডাচ বাংলা ব্যাংক Rocket থেকে একটি SMS পাবে। টাকা জমা দেওয়ার ক্ষেত্রে ভুলের কারণে ভর্তি বাতিল হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বি.দ্র. সকল শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দিতে হবে। মোবাইল ব্যাংকিং চার্জ বাবদ ২০/- টাকা অতিরিক্ত জমা দিতে হবে।

  
২০, ১২, ২০২৩  
(প্রফেসর ড. মোহাম্মদ গোলাম কিবরিয়া)  
অধ্যক্ষ  
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল।